

## দিন লিপির একটি পাতা

আধুনিক শহরের পুরাতন জিনিস গুলো আজ চলে গেছে দিনলিপির পাতায়। সেই ভাবে দেখতে গেলে আমরা আমাদের দেখার জায়গাটা অনেক সহজ করে নিয়েছি। কেউ ব্যস্ত জীবনে সময়ের অভাবে সহজ ভাবে গড়ে তুলেছে তাকে, কেউ আর্থিক অবস্থার জন্য মেনে নিয়েছে সহজকে। তাই আজ স্বচক্ষে দেখা যায় না সেইসব সুন্দর, সুক্ষ্ম কারুকার্য, দেখা যায় না সেইসব বড় নকশা করা জালনা। তারা সবই আজ চলে গেছে দিনলিপির পাতায় পাতায়। সেখান থেকেই আজ আমরা জানি তাকে। যদি উত্তর কলকাতার দিকে গেলে তার কিছু নমুনা আজও আমরা দেখতে পাই। যার বেশির ভাগটাই ভেঙে দেওয়া হয়েছে আধুনিক শহর গড়ে তোলায়। তাই শুধু দিনলিপির পাতায় আজ বেঁচে আছে তারা, তাদের কথা। (গল্প)